আজকের কাগজ

তারিখ ... 06 NOV 1994 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

০১

# শিক্ষা প্রতিষ্ঠান সমূহের বাৎসরিক ট্যাক্স অসঙ্গতিপূর্ণ হলে পরীক্ষা করার পর তা কমানোর উদ্যোগ নেয়া হবে

**-ঢাকা সিটি মেয়র**

ঢাকা সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ বলেছেন, নগরীতে অবস্থিত বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের বাৎসরিক ট্যাক্স অসঙ্গতিপূর্ণ হলে পরীক্ষা করে দেখার পর তা কমানোর উদ্যোগ নেয়া হবে।

মেয়র হানিফ গতকাল বিকেলে সিদ্বেশ্বরী গার্লস কলেজ মিলনায়তনে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ঢাকা মহানগর কমিটির ৪র্থ দ্বিবার্ষিক সম্মেলন '৯৪-এ প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি উপরোক্ত কথাগুলো বলেন। নিরঞ্জন অধিকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে সমিতির কেন্দ্রিয় সভাপতি ডঃ ম. আখতারুজ্জামানসহ সিদ্বেশ্বরী গার্লস কলেজের অধ্যক্ষা, আর্দশ কলেজের অধ্যক্ষ, হাবিবুল্লাহ বাহার কলেজের অধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষক নেতারা বক্তৃতা করেন। মেয়র হানিফ সমিতির আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করে অবিলম্বে কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়ন ও শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূলের জন্যে সংশ্লিষ্ট মহলের প্রতি আহবান জানান। তিনি দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ করে ছাত্র-ছাত্রীদের আসন্ন বার্ষিক পরীক্ষার বিষয়টি স্মরণে রেখে ভবিষ্যত কর্মসূচি প্রণয়নের ব্যাপারে সকল রাজনৈতিক নেতাদের প্রতি আহবান জানান। এ প্রসঙ্গে মেয়র বিভিন্ন রাজনৈতিক দলের ছাত্র সংগঠনের কর্মিদের লেখা-পাড়ায় আত্মনিয়োগ করার পরামর্শ প্রদান করার জন্যেও বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের প্রতি আহবান জানান। -সংবাদ বিজ্ঞপ্তি।